

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৪৫৮  
আগরতলা, ৬ ডিসেম্বর, ২০২০

**৮ ডিসেম্বর রাজ্যে স্বাভাবিক কাজকর্ম বজায় থাকবে**

আগামী ৮ ডিসেম্বর, ২০২০ ভারত বনধের পরিপ্রেক্ষিতে রাজ্যের সমস্ত অফিস, সরকারি অধিগৃহীত সংস্থাসমূহ এবং রাজ্য সরকারের আওতাধীন সমস্ত সংস্থায় স্বাভাবিক কাজকর্ম বজায় থাকবে। ভারতীয় কিষাণ ইউনিয়নের ডাকা ভারত বনধের পরিপ্রেক্ষিতে রাজ্য সরকারের সাধারণ প্রশাসনের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে এই আদেশ জারি করা হয়েছে। এই আদেশে বলা হয়েছে, সমস্ত সরকারি কর্মচারী, সরকারি অধিগৃহীত সংস্থা এবং এ জাতীয় সংস্থার কর্মচারীগণ এদিন তাদের স্বাভাবিক কাজকর্ম বজায় রাখবেন। সরকারি কর্মচারীগণ ও সরকারি অধিগৃহীত সংস্থা এবং এ জাতীয় সংস্থার কর্মচারীগণ এই আদেশ অমান্য করলে তা কঠোরভাবে দেখা হবে।

\*\*\*\*\*